গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩, পশ্চিমপার্শ্ব)
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.ebek-rdcd.gov.bd

স্মারক নং- এবাএখা/পার/জঃ নিঃ/১১-২০/৩২/২০১৬/৩৯৪ তারিখঃ ২৩-০২-২০১৭ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন একটি বাড়ি একটি খামার (৩য় সংশোধিত) প্রকল্পের অধীনে নিম্নবর্ণিত শুন্য ও নবসৃষ্ট পদসমূহে সাকূল্য বেতনে প্রকল্প সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্তে পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে http://ebek.teletalk.com.bd ওয়েবসাইটের নির্ধারিত ছক পূরণের মাধ্যমে ইলেক্ট্রনিক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম, সংখ্যা, বেতন গ্রেড ও সাকুল্য বেতন | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য তথ্য | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন/বিশেষ নির্দেশাবলী |
|---|---|---|---|
| ১ | সহকারী প্রকল্প পরিচালক (সংখ্যা-৫)<br>সাকুল্য বেতন-৩৫৬০০/-<br>বেতন গ্রেড-৯ | যে কোন বিষয়ে স্নাতকোত্তর/৪ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী। কোন ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। পল্লী উন্নয়ন/দারিদ্র বিমোচন কর্মসূচী/প্রকল্পে অভিজ্ঞদের অগ্রাধিকার। | সকল জেলার বাসিন্দা। ইতিপূর্বে দৈনিক জনকণ্ঠ পত্রিকায় ০২/১০/১৩, দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় ০৪/১০/১৩ এবং দৈনিক ডেইলি স্টার পত্রিকায় ০৫/১০/১৩ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যারা আবেদন করেছেন তাদের আবেদনের প্রয়োজন নেই। তবে কারিগরী কারণে অনলাইনে নতুন করে আবেদনে উৎসাহ প্রদান করা হচ্ছে। |
| ২ | জেলা সমন্বয়কারী (সংখ্যা-৬৪)<br>সাকুল্য বেতন-৩২৩০০/-<br>বেতন গ্রেড-৯ | যে কোন বিষয়ে স্নাতকোত্তর /৪ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী। কোন ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। পল্লী উন্নয়ন/দারিদ্র বিমোচন কর্মসূচী/প্রকল্পে অভিজ্ঞদের অগ্রাধিকার। | ঐ |
| ৩ | উপজেলা সমন্বয়কারী (সংখ্যা-১৮)<br>সাকুল্য বেতন-২৪৭০০ /-<br>বেতন গ্রেড-১০ | যে কোন বিষয়ে স্নাতকোত্তর /৪ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী। কোন ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। পল্লী উন্নয়ন/দারিদ্র বিমোচন কর্মসূচী/প্রকল্পে অভিজ্ঞদের অগ্রাধিকার। | শুধুমাত্র সিলেট ও চট্টগ্রাম বিভাগ এবং নাটোর ও ময়মনসিংহ জেলার বাসিন্দা আবেদন করতে পারবেন। তবে মুক্তিযোদ্ধা পোষ্য কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৪ | ফিল্ড সুপারভাইজার (সংখ্যা-১১৯)<br>সাকুল্য বেতন-১৮০৮৫ /-<br>বেতন গ্রেড-১২ | কমপক্ষে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী /সমমান পাশ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার। | জয়পুরহাট, চুয়াডাঙ্গা, সাতক্ষীরা,বরগুনা, জামালপুর, রাজবাড়ি, মৌলভীবাজার ও ফেনী জেলা ব্যতিত সকল জেলার বাসিন্দা আবেদন করতে পারবেন। তবে মুক্তিযোদ্ধা পোষ্য কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৫ | কম্পিউটার অপারেটর কাম হিসাব সহকারী, (পদের সংখ্যা-২৯)<br>সাকুল্য বেতন-১৭৭৫০/-<br>বেতন গ্রেড-১৩ | কমপক্ষে ২য় শ্রেণীতে স্নাতক ডিগ্রী /সমমান পাশ (বাণিজ্যে স্নাতকদের অগ্রাধিকার), কম্পিউটারে (বাংলা ও ইংরেজীতে) এমএস ওয়ার্ড, এমএস এক্সেল ও এমএস এ্যাক্সেস প্রোগ্রাম এ দক্ষতা (অভিজ্ঞদের অগ্রাধিকার)। | পঞ্চগড়, কুড়িগ্রাম, জয়পুরহাট, রাজশাহী, পাবনা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, যশোর, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, বরিশাল, ভোলা, শেরপুর, নরসিংদি, নারায়ণগঞ্জ, রাজবাড়ি, গোপালগঞ্জ ও নোয়াখালী জেলা ব্যতিত সকল জেলার বাসিন্দা আবেদন করতে পারবেন। তবে মুক্তিযোদ্ধা পোষ্য কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৬ | মাঠ সহকারী, পদের সংখ্যা-৪৬০৩টি<br>সাকুল্য বেতন-১৬৭০০/-<br>বেতন গ্রেড-১৪ | কমপক্ষে ২য় শ্রেণীতে এইচএসসি /সমমান পাশ। কৃষি, মৎস্য, পশুপালন বিষয়ে ডিপ্লোমাধারী/ পল্লী উন্নয়ন ও দারিদ্র বিমোচন কর্মসূচী/প্রকল্পে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার। | সকল জেলার বাসিন্দা। ইতিপূর্বে দৈনিক আমাদের সময় পত্রিকায় ২১/০১/১৬ ও দৈনিক কালেরকণ্ঠ পত্রিকায় ২৪/০১/১৬ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যারা আবেদন করেছেন তাদের আবেদনের প্রয়োজন নেই। |
| ৭ | নৈশ প্রহরী (নবসৃষ্ট পদ ৫টি)<br>সাকুল্য বেতন-১৪৪৫০/-<br>বেতন গ্রেড- ২০ | কমপক্ষে ৮ম শ্রেণী পাশ। নৈশ প্রহরীর কাজে অভিজ্ঞ পুরুষ প্রার্থীদের অগ্রাধিকার। | শুধুমাত্র নলডাঙ্গা (নাটোর), ওসমানীনগর (সিলেট), কর্ণফুলি (চট্টগ্রাম) , গুইমারা (খাগড়াছড়ি) ও তারাকান্দা (ময়মনসিংহ) উপজেলার বাসিন্দা আবেদন করতে পারবেন। |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে;**

১. ১-২ ক্রমিকের পদে পূর্বে যারা আবেদন করেছেন তারা যদি অনলাইনে আবেদন করেন তাহলে অনলাইনে আবেদনের প্রিন্ট কপি প্রকল্প পরিচালক বরাবর ডাকযোগে/কুরিয়ারযোগে/হাতে হাতে ১৫/০৩/১৭ তারিখের মধ্যে প্রেরণ করবেন।

২. সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ২৮ ফেব্রুয়ারী, ২০১৭ তারিখে বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বা এর আওতাধীন কোন সংস্থার দারিদ্র বিমোচন/পল্লী উন্নয়ন সংক্রান্ত প্রকল্প/কর্মসূচীতে কর্মরত/অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৩. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যা/শারিরিক প্রতিবন্ধী হলে প্রার্থীদের ক্ষেত্রে ২৮ ফেব্রুয়ারী, ২০১৭ তারিখে বয়স ৩২ বছর।

৪. বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫. সরকারি/আধাসরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায়/উন্নয়ন প্রকল্পে কর্মরত প্রার্থীদের ইলেক্ট্রনিক দরখাস্ত দাখিলের পাশাপাশি স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনের প্রিন্ট কপি নির্ধারিত তারিখ অর্থাৎ ১৫/০৩/১৭ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছতে হবে। অন্যথায় তার ইলেক্ট্রনিক দরখাস্ত বাতিল বলে বিবেচিত হবে।

৬. নিয়োগের ক্ষেত্রে প্রকল্পের/সরকারী বিদ্যমান বিধিবিধান, নীতিমালা/কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পুরণকৃত আবেদনের প্রিন্ট কপি সহ সত্যায়িত একসেট সনদপত্রাদি দাখিল করতে হবে। স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে স্থানীয় প্রযোজ্য কর্তৃপক্ষের সনদপত্র, মুক্তিযোদ্ধা পোষ্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

**৯. আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী :**

**ক.** পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক http://ebek.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৪/০২/২০১৭ তারিখ বেলা ১০.০০টা থেকে।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৫/০৩/২০১৭ তারিখ রাত ১২.০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

**খ.** Onlineআবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Uploadকরবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

**গ.** Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submitকরার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

**ঘ.** প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

**ঙ.** SMS **প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবংSignature upload করে আবেদনপত্র Submitকরা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User IDনম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৫ ক্রমিকের পদের জন্য ২৫০/- টাকা, ৬ ও ৭ ক্রমিকের পদের জন্য ১৫০/-টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে** Submit **করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত** Online **আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: EBEK<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
*Example: EBEK ABCDEF*
*Reply: Applicant's Name, Tk.250/150 .will be charged as application fee. Your PIN is XXXXXXXXXX .To pay fee Type EBEK<Space>Yes<Space>PIN and send to 16222.*
দ্বিতীয় SMS: EBEK<space>YES<space>PIN লিখে Sendকরতে হবে 16222নম্বরে।
*Example:EBEK YES XXXXXXXX*
*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for EBEK Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF)and Password (xxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://ebek.teletalk.com.bd অথবা, EBEK Website: www.ebek-rdcd.gov.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয় হবে।**

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে EBEK<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: EBEK HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: EBEK<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: EBEK HELP PIN 12345678

ঝ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক মোবাইল থেকে ১২১ এ কল করুন অথবা টেলিটক কাস্টমার কেয়ারে যোগাযোগ করুন। এছাড়াও vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

১০. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩.২.১৭

প্রকল্প পরিচালক
একটি বাড়ি একটি খামার প্রকল্প